গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নং-৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.১৯-৬৫

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

## প্রজ্ঞাপন

যেহেতু, বিসিএস (লাইভস্টক) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মোঃ আতিয়ার রহমান (গ্রেডেশন নং-৯৪৪), সহকারী পরিচালক, সরকারি হাঁস-মুরগি খামার, সীতাকুন্ড, চট্টগ্রাম; জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট হিসেবে কর্মকালীন গত ২৫/০৪/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় উপপরিচালক, সিলেট বিভাগ, জনাব মোঃ আবুল কাশেম (বর্তমানে পি.আর.এল ভোগরত) এর অফিস কক্ষে প্রবেশ করে বিনা উস্কানিতে তার দপ্তর হতে ২৪/০৪/২০১৯ খ্রিঃ তারিখের ৩১৩ নং স্মারকে জারীকৃত পত্রকে চ্যালেঞ্জ করে তার সাথে অশালীন আচরণ করেছেন মর্মে উপপরিচালক, সিলেট বিভাগ প্রাণিসম্পদ অধিদপ্তরে অভিযোগ করেন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তা ডাঃ শেখ আজিজুর রহমান, (পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা), (বর্তমানে-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী) গত ১৭/০৭/২০১৯ খ্রিঃ তারিখে সরেজমিনে তদন্তের মাধ্যমে অভিযোগসমূহের সত্যতা রয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন। তিনি গত ১৮/১০/২০১৭ খ্রিঃ তারিখে ৮৩১ নং স্মারকের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের বরাদ্দকৃত কোয়ারেন্টাইন প্রকল্পের গাড়ি নং-ঢাকা মেট্রো ঠ-১৩-৩৩৬৩ হস্তান্তরে অপরাগতা প্রকাশ করেন এবং বিভাগীয় উপপরিচালক এর সাথে ঔদ্বত্যপূর্ণ আচরণ করেন; সরকারি কাজে অসহযোগিতা, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রতি অবজ্ঞা প্রদর্শন, কটুক্তি, পাল্টা অসত্য ও বানোয়াট অভিযোগ উত্থাপন, উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সংগত ও বৈধ আদেশকে অবৈধ হিসেবে আখ্যায়িত করে বিভাগীয় শৃঙ্খলা ভঙ্গ করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং- ০৩/২০১৯ রুজু করে গত ০৪/১১/২০১৯ খ্রিঃ তারিখে ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.১৯-৩৪৪ নং স্মারকমূলে কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করায় গত ২৯/০১/২০২০ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; শুনানিকালে তিনি লিখিত বক্তব্যও প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা জনাব সুব্রত ভৌমিক, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় তদন্তপূর্বক আনীত অভিযোগসমূহ প্রমাণিত ও প্রতিষ্ঠিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু ডাঃ মোঃ আতিয়ার রহমান-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ আতিয়ার রহমান (গ্রেডেশন নং-৯৪৪), সহকারী পরিচালক, সরকারি হাঁস-মুরগি খামার, সীতাকুন্ড, চট্টগ্রাম (প্রাক্তন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) মোতাবেক তার পরবর্তী ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদন্ড আরোপ করা হলো। তিনি এ স্থগিত বেতন বৃদ্ধির টাকা পরবর্তীতে বকেয়া হিসেবে উত্তোলন করতে পারবেন না বা দাবী করতে পারবেন না।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ/-
তারিখ: ১৫/০২/২০২১ খ্রিঃ
(রওনক মাহমুদ)
সচিব

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

স্মারক নং- ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৮.১৯-৬৫/১(২০) তারিখ: ০২ ফাল্গুন ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
০২. পরিচালক, (প্রশাসন/উৎপাদন/সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
০৩. উপপরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. উপসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে তথ্যাদি সংরক্ষণের অনুরোধসহ)।
০৬. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৯. ডাঃ মোঃ আতিয়ার রহমান, সহকারী পরিচালক, সরকারি হাঁস-মুরগি খামার, সীতাকুন্ড, চট্টগ্রাম (প্রাক্তন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট)।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সীতাকুন্ড, চট্টগ্রাম।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট।
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার পিএমআইএস-এ উক্ত তথ্যাদি হালনাগাদকরণের অনুরোধসহ)।
১৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৫. অতিরিক্ত সচিব (প্রাস-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. যুগ্মসচিব (প্রাস-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫/০২/২০২১

(দিলওয়ারা আলো)
উপসচিব